

কালের কণ্ঠ

ঢাকা শিক্ষা বোর্ডে কর্মচারী ইউনিয়নের চার নেতা বরখাস্ত

নিজস্ব প্রতিবেদক >

কর্মকর্তাদের নাজেহাল করা ও নিয়োগ নিয়ে জবরদস্তির অভিযোগে ঢাকা শিক্ষা বোর্ডে কর্মচারী ইউনিয়নের সভাপতি হুমায়ুন কবীরসহ চার নেতাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। কারণ দর্শানো নোটিশ (শোকজ) দেওয়া হয়েছে ইউনিয়নের সাধারণ সম্পাদক লোকমান মুন্সীসহ তিন নেতাকে।

ঢাকা শিক্ষা বোর্ড চেয়ারম্যান অধ্যাপক আবু বক্কর ছিদ্দিক শান্তি প্রদানের বিষয়টি নিশ্চিত করে গতকাল কালের কণ্ঠকে বলেন, 'বোর্ডসচিবের দরজায় লাথি দেওয়া ও কর্মকর্তাকে মারধরের ঘটনায় আরো

দেখা হচ্ছে। চিহ্নিত হলে তাদের বিরুদ্ধেও শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।' বরখাস্ত হওয়া চার নেতা হলেন ঢাকা শিক্ষা বোর্ড কর্মচারী ইউনিয়নের সভাপতি হুমায়ুন কবির, ত্রীড়া সম্পাদক মোকশেদ আলী, সহসভাপতি মঞ্জুর আলী ও যুগ্ম সম্পাদক মহিউদ্দিন মুহিত। কারণ দর্শাও নোটিশ দেওয়া হয়েছে ইউনিয়নের সাধারণ সম্পাদক, কোষাধ্যক্ষ ও সহসভাপতিকে। মঙ্গলবার নিজেদের পছন্দের লোকদের নিয়োগের আবদার তুলে ঢাকা শিক্ষা বোর্ডে তুলকালাম কাণ্ড করেন কর্মচারী ইউনিয়নের নেতারা।